104

ভোরের কাগজ

তারিখ ... AUG 15 1999 ...
পৃষ্ঠা 2 ... কলাম 7

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বন্ধ করাকে ষড়যন্ত্র বলে উল্লেখ করেছে ছাত্রলীগ ও ইসলামী ছাত্রশিবির

চ. বি. সংবাদদাতা : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণাকে 'উপাচার্যের পূর্ব পরিকল্পিত ষড়যন্ত্র' হিসেবে আখ্যায়িত করেছে শাহ আমানত হল শাখা ছাত্রলীগ এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা ইসলামী ছাত্রশিবির। গতকাল শনিবার সন্ধ্যায় পৃথক পৃথক সংবাদ সম্মেলনে ছাত্রলীগ ও ছাত্রশিবির নেতৃবৃন্দ এ মতামত ব্যক্ত করেছেন।

এদিকে, উপাচার্য প্রফেসর আবদুল মান্নান গতকাল এক বিবৃতিতে এ ধরনের কথিত ষড়যন্ত্রের সঙ্গে তার সম্পৃক্ততার কথা অস্বীকার করে বলেছেন, এসব বক্তব্য দুঃখজনক। কেননা, তিনি কোনো নোংরা রাজনীতিতে বিশ্বাসী নন এবং ছাত্রদের নিয়ে ষড়যন্ত্র করতে অভ্যস্ত নন।

গতকাল সন্ধ্যায় শাহ আমানত হল শাখা ছাত্রলীগ তাদের সংবাদ সম্মেলনে ছাত্রনেতা শফিকুর রহমান শফিকের উপর হামলাকারীদের গ্রেপ্তার, গ্রেপ্তারকৃত ছয় ছাত্রের মুক্তি দাবিসহ তিন দফা কর্মসূচি ঘোষণা করেছে। কর্মসূচির মধ্যে রয়েছে এসপি অফিস ঘেরাও, ডিসিকে স্মারকলিপি প্রদান এবং মহানগরী ছাত্রলীগের সঙ্গে যৌথভাবে বিক্ষোভ মিছিল ও সমাবেশ। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন শাহ আমানত হল শাখা ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি জালাল উদ্দিন সজিত।

ছাত্রশিবিরের সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মজিবুর রহমান মঞ্জু আজ নগরীর আন্দরকিল্লা মোড়ে ছাত্র সমাবেশের ঘোষণা দিয়েছেন।